গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চট্টগ্রাম
(নেজারত শাখা)
www.chittagong.gov.bd

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০১৯ পালন উপলক্ষে আয়োজিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী :**

সভাপতি : মোহাম্মদ ইলিয়াস হোসেন, জেলা প্রশাসক, চট্টগ্রাম
সভার স্থান : জেলা প্রশাসক, চট্টগ্রাম এর সম্মেলন কক্ষ
তারিখ ও সময় : ২৯-০৭-২০১৯ খ্রি. বেলা ১১:০০ ঘটিকা

উপস্থিত সকল কর্মকর্তা ও সুধীবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয়। বক্তব্যের শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর রুহের মাগফেরাত কামনা করেন। সভাপতি জাতীয় শোক দিবসের তাৎপর্য তুলে ধরে এ দিনটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য সবার আন্তরিক সহযোগিতা কামনা করেন। আগামী ১৫ আগস্ট ২০১৯ এর কর্মসূচী কিভাবে যথাযোগ্য মর্যাদা ও সুষ্ঠুভাবে সম্পন্ন করা যায় সে বিষয়ে সকলের সুচিন্তিত ও মূল্যবান মতামত আহবান করেন। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), চট্টগ্রাম মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত জাতীয় কর্মসূচিসমূহ সভায় উপস্থাপন করেন। উপস্থিত কর্মকর্তা ও সুধীবৃন্দ বিভিন্ন বিষয়ে তাদের মূল্যবান মতামত ব্যক্ত করেন। এ ছাড়া স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০১৯ পালনে জেলা পর্যায়ের সকল বিভাগ/দপ্তরের প্রতিনিধিকে পরস্পরের সাথে সমন্বয়ের মাধ্যমে কাজ কাজ করার উপর গুরুত্ব আরোপ করা হয়।

অত:পর স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনে বিস্তারিত আলোচনার পর জাতীয় কর্মসূচির আলোকে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত ভাবে স্থানীয় কর্মসূচি প্রণয়ন করার সিদ্ধান্ত গৃহীত হয় :

| তারিখ ও সময় | | কর্মসূচি | স্থান | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১৫ আগস্ট ২০১৯খ্রি. বৃহস্পতিবার | সুর্যোদয়ের সাথে সাথে | সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ | স্ব স্ব প্রতিষ্ঠান | স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধানগণ |
| | সকাল ০৯:০০ ঘটিকা | ১. শোক র‍্যালি<br>২. কালো ব্যাজ ধারণ | চট্টগ্রাম সার্কিট হাউজ থেকে শিল্পকলা একাডেমি চত্বর পর্যন্ত | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | সকাল ৯:৩০ ঘটিকা | শিল্পকলা একাডেমি চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | জেলা শিল্পকলা একাডেমি | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | সকাল ১০:০০ ঘটিকা | আলোচনা সভা ও পুরস্কার বিতরণ | জেলা শিল্পকলা একাডেমি | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | বাদ জোহর | বিশেষ মোনাজাত ও প্রার্থনা | জমিয়তুল ফালাহ্ জাতীয় মসজিদ এবং মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠান | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | সকাল ০৯:০০ হতে বিকাল ০৫:০০ ঘটিকা | কোরআন খতম, মিলাদ মাহফিল<br>বঙ্গবন্ধু বিষয়ক গ্রন্থের প্রদর্শনী ও বিক্রয় উৎসব | জেলা শিশু একাডেমি | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা ও জেলা সংগঠক, শিশু একাডেমি, চট্টগ্রাম |
| | সুবিধাজনক সময়ে | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সাথে সংগতিপূর্ণ কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, হামদ ও নাত্, বিশেষ মিলাদ মাহফিল, মোনাজাত ইত্যাদি | স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান | অধ্যক্ষ/ প্রধান শিক্ষক, কলেজ/মাদ্রাসা/স্কুল, বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম/ জেলা শিক্ষা অফিসার/ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার |

উপরোক্ত গৃহীত কর্মসূচী বাস্তবায়ন ও জাতীয় শোক দিবস সফলভাবে পালনের লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

Scanned by CamScanner

**সিদ্ধান্ত-১ :** আইন শৃংখলা রক্ষার্থে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য পুলিশ কমিশনার, সিএমপি, চট্টগ্রাম/পুলিশ সুপার, চট্টগ্রাম জেলাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।

**সিদ্ধান্ত-২ :** জেলা ও উপজেলা পর্যায়ে সকল স্কুল, কলেজ ও মাদ্রাসায় জাতীয় শোক দিবস ২০১৯ এর কর্মসূচী পালন করবে ও বঙ্গবন্ধুর জীবনী নিয়ে আলোচনা অনুষ্ঠানের আয়োজন এবং অনুষ্ঠান পরবর্তী ১৫ দিনের মধ্যে জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভাপতিকে অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত-৩ :** মাসব্যাপী মহানগর ও উপজেলা পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধুর আদর্শ ও জীবনীর উপর বীর মুক্তিযোদ্ধাদের উপস্থিতিতে আলোচনা অনুষ্ঠান আয়োজন করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি),চট্টগ্রাম জেলা শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা নির্বাহী অফিসার ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বরাবর পত্র প্রেরণ করবেন।

**সিদ্ধান্ত-৪ :** আগামী ১৩-১৫ আগস্ট ২০১৯ খ্রি, ( মঙ্গলবার, বুধবার ও বৃহস্পতিবার ) ০৩ (তিন) দিনব্যাপী জেলা শিশু একাডেমি, চট্টগ্রাম চত্বরে বঙ্গবন্ধুর জীবনী নিয়ে রচিত বিভিন্ন পুস্তক প্রদর্শনী আয়োজনের বিষয়ে জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, চট্টগ্রাম প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**সিদ্ধান্ত-৫ :** জেলা কালচারাল অফিসার জেলা শিল্পকলা একাডেমিতে ১৪ আগস্ট ২০১৯ খ্রি. বিকাল ০৩:০০ ঘটিকায়া আবৃত্তি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং একই দিন বিকাল ৪.০০ ঘটিকায় জেলা শিশু একাডেমীতে চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য জেলা শিশু সংগঠক, জেলা শিশু একাডেমী, চট্টগ্রাম প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**সিদ্ধান্ত-৬ :** জাতীয় শোক দিবস ২০১৯ যথাযোগ্য মর্যাদায় পালনের নিমিত্ত চট্টগ্রাম সার্কিট হাউজ, জেলা শিল্পকলা একাডেমি ও জেলা শিশু একাডেমিতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, চট্টগ্রামকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।

**সিদ্ধান্ত-৭ :** জাতীয় কর্মসূচীসহ জেলার গৃহীত কর্মসূচীর সাথে সমন্বয় রেখে উপজেলাসমূহেও কর্মসূচী পালনের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**সিদ্ধান্ত- ৮:** জাতীয় সরকারি- বেসরকারি সকল কর্মকর্তা-কর্মচারীদের জাতীয় শোক দিবসের বিভিন্ন অনুষ্ঠানে উপস্থিতি নিশ্চিত করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**সিদ্ধান্ত-৯:** উপজেলা নির্বাহী অফিসারগণ /বিভাগীয় তথ্য অফিস, চট্টগ্রাম হতে বঙ্গবন্ধুকে নিয়ে নির্মিত ডকুমেন্টারী সংগ্রহ করে জনবহুল 'বিভিন্ন স্থানে প্রচার ও প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন।

**সিদ্ধান্ত-১০ :** সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদে জাতীয় কর্মসূচীসহ জেলার গৃহিত কর্মসূচীর সাথে সমন্বয় রেখে প্রয়োজনীয় কর্মসূচী গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত-১১ :** শিশু বিকাশ কেন্দ্র, মা মনি নিবাস ও ভবঘুরে কেন্দ্রে অবস্থানরত দু:স্থ শিশুদের উন্নতমানের খাবার সরবরাহের জন্য উপ-পরিচালক, সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম ও জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, চট্টগ্রাম প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**সিদ্ধান্ত-১২ :** ইসলামিক ফাউন্ডেশন, চট্টগ্রাম ১৫ আগস্ট ২০১৯ খ্রি. আন্দরকিল্লা শাহী জামে মসজিদে সকাল ০৯:০০ টা হতে দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত কোরান খতম, মিলাদ মাহফিল, হেফজ ও রচনা প্রতিযোগিতা এবং দুপুর ০২:০০ টা হতে ০৩:০০ ঘটিকা পর্যন্ত জমিয়তুল ফালাহ্ জাতীয় মসজিদে কোরান খতম, দোয়া ও মিলাদ মাহফিল আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**সিদ্ধান্ত-১৩ :** হিন্দু ধর্মীয় কল্যান ট্রাস্ট, চট্টগ্রাম জাতীয় শোক দিবস ২০১৯ উপলক্ষে আগামী ১৪ আগস্ট ২০১৯ খ্রি. সকাল ১০:০০ ঘটিকায় চট্টগ্রাম সার্কিট হাউজে শোক সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**সিদ্ধান্ত-১৪:** বিভাগীয় তথ্য অফিস, চট্টগ্রাম ক্রোড়পত্র, পোস্টার, সচিত্র বাংলাদেশের বিশেষ সংখ্যা প্রকাশ ও সুবিধাজনক স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়া বিকাল ১৫ আগস্ট ৫:০০ ঘটিকা হতে জেলা শিল্পকলা একাডেমিতে বঙ্গবন্ধুর জীবনীর উপর চলচিত্র প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন। জেলা ও উপজেলা পর্যায়ে বিভাগীয় তথ্য অফিস বঙ্গবন্ধুর জীবনীর উপর নির্মিত প্রামাণ্যচিত্র প্রদর্শনীসহ আরো যেসব কর্মসূচী পালন করবে তা অনুষ্ঠান পরবর্তী ১৫ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

Scanned by CamScanner

**সিদ্ধান্ত-১৫:** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবনী, ডকুমেন্টারী ও প্রমাণ্যচিত্র বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম এবং বাংলাদেশ বেতার, চট্টগ্রাম এ সম্প্রচার করার জন্য জেনারেল ম্যানেজার, চট্টগ্রামকে অনুরোধ করা হলো।

**সিদ্ধান্ত-১৬:** ১৫ ই আগস্ট ২০১৯ জাতীয় শোক দিবস উদযাপন উপলক্ষে চট্টগ্রাম জেলার স্থানীয় পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ করার জন্য পত্রিকার সম্পাদককে অনুরোধ করা হলো।

**সিদ্ধান্ত-১৭:** জেলা ও উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে এবং জাতীয় শোক দিবসের অনুষ্ঠানে অনুপস্থিত কর্মকর্তাদের তালিকা প্রস্তুত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।

বর্ণিত অনুষ্ঠানসমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত উপ-কমিটিসমূহ গঠন করা হয়। সকল উপ-কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তাকে কো-অপ্ট করতে পারবে। গঠিত উপ-কমিটিসমূহ সভা করে গৃহীত সিদ্ধান্ত অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), চট্টগ্রামকে অবহিত করবেন।

১। শোক র‌্যালি উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | |
|---|---|
| ১. জনাব মো: আবু হাসান সিদ্দিক, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), চট্টগ্রাম | আহবায়ক |
| ২.বীর মুক্তিযোদ্ধা জনাব মো: সাহাব উদ্দিন, কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, চট্টগ্রাম জেলা ইউনিট কমান্ড- | সদস্য |
| ৩.বীর মুক্তিযোদ্ধা জনাব মোজাম্ফর আহমদ, কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ চট্টগ্রাম মহানগর ইউনিট কমান্ড- | ,, |
| ৪.পুলিশ কমিশনার, সিএমপি, চট্টগ্রাম এর প্রতিনিধি- | ,, |
| ৫.সিটি কর্পোরেশন, চট্টগ্রাম এর প্রতিনিধি- | ,, |
| ৬.সিভিল সার্জন, চট্টগ্রাম এর প্রতিনিধি- | ,, |
| ৭.নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম- | ,, |
| ৮.কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, চট্টগ্রাম- | ,, |
| ৯. জনাব মোহাম্মদ কায়সার খসরু, ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, চট্টগ্রাম | ,, |
| ১০.জনাব মো: আশরাফুল আলম, নেজারত ডেপুটি কালেক্টর, চট্টগ্রাম- | ,, |
| ১১.জনাব মো: আলী হাসান, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম- | ,, |
| ১২.জনাব তাহমিনা আক্তার, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম- | ,, |
| ১৩. জনাব সুরাইয়া ইয়াসমিন,সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম- | ,, |
| ১৪.জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম | ,, |
| ১৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চট্টগ্রাম | ,, |
| ১৬. অধ্যক্ষ, চট্টগ্রাম মহিলা সমিতি স্কুল ও কলেজের প্রতিনিধি- | ,, |
| ১৭. প্রধান শিক্ষক, ডা: খাস্তগীর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়- | ,, |
| ১৮. প্রধান শিক্ষক, কলেজিয়েট উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম | ,, |
| ১৯. প্রধান শিক্ষক, সরকারি মুসলিম উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম- | ,, |
| ২০.প্রধান শিক্ষক, নাসিরাবাদ সরকারি উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম- | ,, |
| ২১. .প্রধান শিক্ষক, সেন্ট প্লাসিডস উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম- | ,, |
| ২২.প্রধান শিক্ষক, সেন্ট স্কলাসটিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম- | ,, |
| ২৩. জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, চট্টগ্রাম- | ,, |
| ২৪. জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, চট্টগ্রাম | ,, |
| ২৫. সম্পাদক, জেলা স্কাউটস, চট্টগ্রাম | ,, |
| ২৬. সম্পাদক, চট্টগ্রাম মেট্রোপলিটন স্কাউটস | ,, |

২। পুষ্পস্তবক অর্পণ উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | |
|---|---|
| ১. জনাব মোহাম্মদ দেলোয়ার হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব ), চট্টগ্রাম | আহবায়ক |
| ২.বীর মুক্তিযোদ্ধা জনাব মো: সাহাব উদ্দিন, কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, চট্টগ্রাম জেলা ইউনিট কমান্ড- | সদস্য |
| ৩.বীর মুক্তিযোদ্ধা জনাব মোজাম্ফর আহমদ, কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ চট্টগ্রাম মহানগর ইউনিট কমান্ড- | ,, |
| ৪.জনাব মু: মাহমুদ উল্লাহ মারুফ, রেভিনিউ ডেপুটি কালেক্টর, চট্টগ্রাম- | ,, |
| ৫.জনাব মো: ইসমাইল হোসেন, সহকারী কমিশনার ( ভূমি), সদর সার্কেল, চট্টগ্রাম- | ,, |
| ৬.জনাব তাহলিমুর রহমান, সহকারী কমিশনার (ভূমি), পতেঙ্গা সার্কেল, , চট্টগ্রাম- | ,, |
| ৭. জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, চট্টগ্রাম | ,, |
| ৮। মো: আশরাফুল আলম, নেজারত ডেপুটি কালেক্টর, চট্টগ্রাম | সদস্য সচিব |

৩। সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার ক্রয়/বিতরণ উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | |
|---|---|
| ১ .জনাব ইয়াছমিন পারভীন তিবরীজি , উপ- পরিচালক, স্থানীয় সরকার, , চট্টগ্রাম- | আহবায়ক |
| ২. উপ-পরিচালক, সরকারি আবাসন কার্যালয়, চট্টগ্রাম | সদস্য |

Scanned by CamScanner

৩.জনাব সুরাইয়া আক্তার সুইটি, সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম- ,,
৪.জনাব মাহফুজা জেরিন, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম- ,,
৫.জনাব তানভীর ফরহাদ শামীম, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম- ,,
৬. জনাব মুশফিকীন নুর, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম- ,,
৭. প্রধান শিক্ষক, কলেজিয়েট স্কুল, চট্টগ্রাম ,,
৮. কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, চট্টগ্রাম ,,
৯. জেলা শিশু সংগঠক, জেলা শিশু একাডেমী , চট্টগ্রাম ,,
১০. মো: আশরাফুল আলম, নেজারত ডেপুটি কালেক্টর, চট্টগ্রাম সদস্য সচিব

**৪। আলোচনা অনুষ্ঠান উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. জনাব মোহাম্মদ কামাল হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), চট্টগ্রাম আহবায়ক
২.বীর মুক্তিযোদ্ধা জনাব মো: সাহাব উদ্দিন, কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, চট্টগ্রাম জেলা ইউনিট কমান্ড- সদস্য
৩.বীর মুক্তিযোদ্ধা জনাব মোজাফ্ফর আহমদ, কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ চট্টগ্রাম মহানগর ইউনিট কমান্ড- ,,
৪.অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, নগর বিশেষ শাখা, সিএমপি-চট্টগ্রাম- ,,
৫.জনাব মাহফুজা জেরিন, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম- ,,
৬.জনাব মো: আলী হাসান, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম- ,,
৭. জনাব সুরাইয়া ইয়াসমিন,সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম- ,,
৮. জনাব রেজওয়ানা আফরিন, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম- ,,
৯. জনাব নুরজাহান আক্তার সাথী, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম- ,,
১০. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম- ,,
১১.উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, চট্টগ্রাম- ,,
১২.জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চট্টগ্রাম- ,,
১৩.জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, চট্টগ্রাম- ,,
১৪.জেলা শিশু সংগঠক, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, চট্টগ্রাম ,,
১৫.সভাপতি, বঙ্গবন্ধু শিশু কিশোর মেলা, চট্টগ্রাম জেলা, তিলকা গার্ডেন, লাভলেইন, চট্টগ্রাম ,,
১৬.সভাপতি, বঙ্গবন্ধু শিশু কিশোর মেলা চট্টগ্রাম মহানগর, ৮২, বায়তুশ ছারাত মসজিদ লেইন, মাঝিরঘাট ,,
১৭. মো: আশরাফুল আলম, নেজারত ডেপুটি কালেক্টর, চট্টগ্রাম সদস্য সচিব

**৫। মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত/প্রার্থনা উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. জনাব মো: আমিরুল কায়ছার, অতিরিক্ত জেলা প্রশাসক (এল.এ ), চট্টগ্রাম আহবায়ক
২. জনাব বিদর্শী সম্বোধী চাকমা, ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, চট্টগ্রাম- সদস্য
৩. জনাব মু. মাহমুদ উল্লাহ মারুফ, রেভিনিউ ডেপুটি কালেক্টর, চট্টগ্রাম- ,,
৪. পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, চট্টগ্রাম ,,
৫. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, চট্টগ্রাম- ,,
৬.অধ্যক্ষ, সোবহানিয়া আলিয়া মাদ্রাসা, চট্টগ্রাম- ,,
৭. প্রধান শিক্ষক, কদম মোবারক উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম- ,,
৮.সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাষ্ট, চট্টগ্রাম- ,,
৯. সভাপতি, বৌদ্ধ মন্দির পরিচালনা কমিটি, চট্টগ্রা ম- ,,
১০.প্রধান পুরোহিত, ক্যাথলিক চার্চ, চট্টগ্রাম ,,

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০১৯ উদযাপন কমিটি কর্তৃক গৃহীত কর্মসূচীর পাশাপাশি অন্যান্য সামাজিক প্রতিষ্ঠানসমূহকে জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় রেখে অনুষ্ঠানমালা গ্রহণ ও পরিবেশনার মাধ্যমে জাতীয় শোক দিবস ২০১৯ আরো তাৎপর্যপূর্ণ ও অর্থবহ করে তোলার জন্য সভাপতি পুনরায় অনুরোধ জানান।

পরিশেষে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তাঁর পরিবারের শহীদ অন্যান্য সদস্যদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ ইলিয়াস হোসেন
জেলা প্রশাসক
চট্টগ্রাম
ফোনঃ ০৩১-৬১৯৯৯৬(অফিস)/৬২১০০২(বাসা)
ফ্যাক্সঃ ০৩১-৬৩৫২৭২(অফিস)/৬২০৫৭০(বাসা)
ই- মেইল : dcchittagong@mopa.gov.bd

Scanned by CamScanner

স্মারক নম্বর : ০৫.৪২.১৫০০.২০৪.০৭.০৫৩.১৯-৪৮৭ তারিখ: ২৯/০৭/২০১৯ খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

১.মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. সচিব, জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

৮. পুলিশ কমিশনার, সিএমপি, চট্টগ্রাম।

৯. প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, চট্টগ্রাম।

১০. পুলিশ সুপার, চট্টগ্রাম।

১১. উপ-পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।

১২. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(এল, এ)/(রাজস্ব)/ (শিক্ষা ও আইসিটি), চট্টগ্রাম।

১৩. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম।

১৪. একান্ত সচিব, মাননীয় মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম। (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল) ---কর্ণফুলী---------------------,চট্টগ্রাম।

১৬. জেলা প্রশাসকের গোপনীয় সহকারী, চট্টগ্রাম। (জেলা প্রশাসক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)

১৭. জনাব ......................................................................................................................................

২৯/৭/১৯

মোহাম্মদ কামাল হোসেন
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
চট্টগ্রাম
ফোনঃ ০৩১-৬২১০০৫, ফ্যাক্সঃ ০৩১-৬৩৫২৭২

Scanned by CamScanner